সংবাদ

তারিখ 26 OCT 2016
পৃষ্ঠা ৬ কলাম ২

## এনটিআরসির এ কেমন গাফিলতি?

কিছুদিন আগে এনটিআরসি কর্তৃক নিবন্ধনকৃতদের চাকরির জন্য দরখস্তের আহবান করা হয়েছিল। এই রেজিস্ট্রেশন করতে হয়েছিল ডিজিটাল পদ্ধতিতে। ডিজিটাল পদ্ধতির এই রেজিস্ট্রশন পুরো শিক্ষিত জাতিকে বোকা বানিয়েছে। শিক্ষক হওয়ার একজন প্রার্থী হয়ে নিজ উপজেলা ও জেলার প্রতিষ্ঠানগুলোর শূন্য পদের খবর জানবে না এটা হাস্যকর ছাড়া আর কিছুই নয়।

একেকটি উপজেলায় শূন্য পদের সংখ্যা ২০ থেকে ২৫টি হলেও সেখানে দেখানো হয়েছে ২ থেকে ৩টি। অনলাইনে আবেদন করতে গিয়ে শূন্য পদের সংখ্যা দেখে বোকা বনে যান শিক্ষক প্রার্থীরা। শূন্য পদের সংখ্যার তথ্য প্রদানে জন্য প্রতিষ্ঠান প্রধানের গাফিলতি সুস্পষ্টভাবে প্রমাণিত। এছাড়া সংশ্লিষ্ট কর্তৃপক্ষের গাফিলতি তো রয়েছেই। এজন্য তাদের উপযুক্ত শাস্তি হওয়া দরকার। শিক্ষিত সমাজের কাছে সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে। তিলে তিলে দেশকে উচ্চ আসনে সমাসীন করা এই সরকারের সম্মান ক্ষুণ্ণ আমরা কখনই মেনে নিতে পারি না।

তাই বিষয়টি যথাযথ কর্তৃপক্ষের নজরে এনে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানাচ্ছি।

**মোঃ আজিনুর রহমান লিমন**
আছানধনী মিয়া পাড়া, চাপানী হাট,
ডিমলা, নীলফামারী